

Naribhabna O Itihaschetanar Aloke 'Englande Banga Mahila'

Volume IV, Issue 7
August, 2018

ISSN : 2454-3322
Journal No. 42333

SHINJAN

Multi-Disciplinary, Bi-Annual, Multi-Lingual and
Peer-Reviewed Journal



COUNCIL OF SHINJAN

North Hostel-12, Sindri, Dhanbad, Jharkhand (828122), India

নারীভাবনা ও ইতিহাসচেতনার আলোকে 'ইংলণ্ডে বঙ্গমহিলা'

বরণ মণ্ডল



সংক্ষিপ্তসার

বাংলা ভ্রমণসাহিত্যের ইতিহাসে কৃষ্ণভাবিনী দাসের 'ইংলণ্ডে বঙ্গমহিলা' গ্রন্থটি একটি 'মাইলস্টোন'। উনিশ শতকের শিক্ষার আলোয় আলোকিত বাঙালি নারীর সমস্ত প্রতিকূলতা অগ্রাহ্য করে 'কালাপানি' পার হয়ে ইংল্যান্ড ভ্রমণের অভিজ্ঞতাকেন্দ্রিক রচনা। যেখানে একজন নারীর কলমে অন্যান্য বিষয়ের সঙ্গে ব্রিটিশ রমণীদের জীবনযাত্রার নানান অজানা দিক উঠে এসেছে। লন্ডনের নারী পুরুষের সমবেত ভাবে গির্জার প্রার্থনায় যোগদান করার কথা বলতে গিয়ে লেখিকা সেখানকার বিভিন্ন বয়সের নারীদের গির্জায় যাবার উদ্দেশ্যগুলি আলাদা আলাদা ভাবে ব্যক্ত করেছেন। ইংল্যান্ডের নারীরা নিজেদের বাড়ির সমস্ত কাজ করার পাশাপাশি পুরুষের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করেই ইংল্যান্ডের সমাজকে দ্রুত উন্নতির পথে নিয়ে চলেছে। পুরুষের মতই দৃঢ়তা, কর্মক্ষমতা দেখে লেখিকা আশ্চর্য হয়েছেন। ব্রিটিশ নারীরা অতি অল্প বয়সেই অত্যন্ত চতুর হয় বলে লেখিকা জানিয়েছেন। পরিচ্ছদ প্রিয় এই নারীদের স্বামী নির্বাচনের বিষয়টি অত্যন্ত সরস ভঙ্গিতে তুলে ধরেছেন। কৃষ্ণভাবিনী দাস ইংল্যান্ড ভ্রমণকালে ব্রিটিশ সভ্যতার ইতিহাস সুন্দর ভাবে তুলে ধরেছেন। ইংরেজরা তাদের সভ্যতা সম্পর্কে যত বেশিই গর্ব করুক না কেন, নিজেদেরকে যতই শ্রেষ্ঠ জাতি বলে মনে করুক না কেন, আসলে প্রত্যেকটি সভ্যতার ভালো জিনিসগুলি অনুকরণ করেই ব্রিটিশ সভ্যতা গড়ে উঠেছে তা প্রমাণ করেছেন।

সূচক শব্দ: নারীভাবনা, ইতিহাসচেতনা ও জাতীয়তাবাদী চিন্তন।

উনিশ শতকে বাঙালি নারী শিক্ষার আলোকে আসায় তাঁদের জীবনযাত্রায় অল্প অল্প করে পরিবর্তন আসতে থাকে। তবুও গৃহের চার দেওয়ালের বাইরে বেরিয়ে অন্যত্র যাবার সুযোগ হাতে গোনা কয়েকজন মহিলারই ঘটেছিল— তাও তাঁদের ভ্রমণ স্বদেশের মধ্যেই সীমাবদ্ধ ছিল। পঞ্চাশতকের সমস্ত বাধা বিঘ্ন অতিক্রম করে প্রথম বাঙালি নারী হিসেবে কৃষ্ণভাবিনী দাস বিদেশ যাত্রার গৌরব অর্জন করেন। ১৮৮৩ খ্রিস্টাব্দে স্বামী